

# যুগান্তর

প্রিন্ট: ২৬ অক্টোবর ২০২৫, ১০:১৬ এএম

শিক্ষাঙ্গন

## ইআবির অধীনে সারা দেশে ফাজিল পরীক্ষা শুরু



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৫ অক্টোবর ২০২৫, ১০:০৩ পিএম



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের (ইআবি) অধিভুক্ত সারা দেশের মাদরাসাগুলোর তিন বছর মেয়াদি ফাজিল (পাশ) স্নাতক-২০২৪ সালের পরীক্ষা শুরু হয়েছে।

শনিবার (২৫ অক্টোবর) পরীক্ষার প্রথম দিন দুপুর ২টায় ঢাকা সরকারি আলিয়া মাদ্রাসা কেন্দ্র পরিদর্শন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. শামছুল আলম। এ সময় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী তার সঙ্গে উপস্থিত ছিলেন।

পরিদর্শনকালে ভাইস চ্যান্সেলর বলেন, খুবই সুশৃঙ্খল, সুন্দর ও উৎসবমুখর পরিবেশে পরীক্ষা হচ্ছে।

কেউ কোনো রকম অসদুপায় যাতে করতে না পারে আমরা বিভিন্ন কেন্দ্রের দিকে নজর রাখছি।

তিনি আরও বলেন, মাদরাসা শিক্ষা আগামীর দেশ গঠনের নেতৃত্ব তৈরি করছে, দেশের অধিকাংশ মানুষের প্রাণের সঙ্গে সম্পৃক্ত মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা। এর মান উন্নয়ন ও আধুনিকায়নে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কাজ করে যাচ্ছে। নকলমুক্ত পরিবেশ বজায় রাখতে পরীক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকসহ সবার আন্তরিক সহযোগিতা কামনা করেন ভাইস চ্যান্সেলর।

বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী জানান, এবারের পরীক্ষায় সারা দেশের মোট ৩৩০টি কেন্দ্রে প্রায় ১ লাখ ১৭ হাজার ৬২৮ জন শিক্ষার্থী অংশগ্রহণ করছেন।

তিনি বলেন, ‘পরীক্ষার সুষ্ঠু ও উপযুক্ত পরিবেশ নিশ্চিত করতে সারাদেশের সব পরীক্ষা কেন্দ্রে প্রশ্নপত্র নিরাপত্তা, তদারকি টিম ও মনিটরিং ব্যবস্থাসহ প্রয়োজনীয় সব ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।’

শনিবার (২৫ অক্টোবর) থেকে ফাজিল স্নাতক (পাস) ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০২৪ শুরু হয়েছে। প্রতিদিন দুপুর ১টা ৩০ মিনিটে পরীক্ষা শুরু হয়ে বিকেল ৪টা ৩০ মিনিট পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং আগামী ৯ ডিসেম্বর পর্যন্ত এ পরীক্ষা চলবে।

এদিকে বিশ্ববিদ্যালয়ের প্রো ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ শহীদুল ইসলাম সিলেটের শাহজালাল দারুস সুন্নাত ইয়াকুবিয়া কামিল মাদ্রাসা কেন্দ্র এবং প্রো ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আবু জাফর খান বিশ্বনাথ দারুল উলুম ইসলামিয়া কামিল মাদ্রাসা কেন্দ্র পরিদর্শন করেন।